
# নিবন্ধন সময়সূচীর আবেদন


অভিবাসন ও শরণার্থী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রবেশ করার পর তৃতীয় দেশীয় নাগরিকদের (আগ্রহীদের) নিবন্ধন সময়সূচীর আবেদনের জন্য প্রথম পৃষ্ঠায় যেতে হবে (চিত্র 1)।



*চিত্র 1 : ইলেক্ট্রনিকভাবে নিবন্ধন সময়সূচীর আবেদনের প্রথম পৃষ্ঠা*


ডানদিকে উপরে, ইচ্ছা অনুযায়ী ভাষা নির্বাচন করা যাবে। GREEK বাটনে ক্লিক করে ইচ্ছা অনুসারে ভাষা নির্বাচন করতে হবে (চিত্র 1)।

আগ্রহী যদি আবেদনে প্রবেশ বাটনে অথবা সংরক্ষিত আবেদন বাটনে ক্লিক করে, তাহলে এই বার্তাটি দেখা যাবে (চিত্র 2):




*চিত্র 2 : সংযোগ বার্তা*


এই চিহ্নে সংযোগ ক্লিক করলে সংযোগের পৃষ্ঠায় ধাবিত হবে (চিত্র 3)।




*(চিত্র 3): সংযোগ পৃষ্ঠা*

আগ্রহীকে এই স্থানে ইমেইল প্রবেশ করাতে হবে এবং যাচাইকরণ বাটনে ক্লিক করতে হবে।


তারপর প্রদত্ত ইমেইলে এই **otp-no-reply@migration.gov.gr** ঠিকানা থেকে একটি সত্যতা যাচাই কোড আসবে, যা শূন্য স্থানে প্রবেশ করাতে হবে (চিত্র 4)। এই অ্যাপ্লিকেশনে প্রবেশ করার জন্য প্রতিবার এই পদ্ধতিটি অনুসরণ করতে হবে।




*(চিত্র 4): সত্যতা যাচাই কোড প্রবেশকরণ*

তারপর প্রবেশ বাটন নির্বাচন করে অ্যাপ্লিকেশনের প্রথম পৃষ্ঠায় অর্থাৎ আবেদনের জন্য এগিয়ে যেতে হবে (চিত্র 5), যেখানে পরিচয় সংক্রান্ত কিছু তথ্য, যোগাযোগের তথ্য, কী উপায়ে গ্রীসে প্রবেশ করা হয়েছে এবং নিবন্ধনের সময়সূচী সম্পর্কিত বিভিন্ন তথ্য যেমন নিবন্ধনের স্থান ও ইচ্ছা অনুযায়ী ভাষা বিষয়ক তথ্য পূরণ করতে হবে, তথাপি পরিবারের প্রাপ্তবয়স্ক ও অপ্রাপ্তবয়স্ক সদস্য সংখ্যা পূরণ করতে হবে। আগ্রহী যদি ইতোমধ্যেই প্লাটফর্মে পূর্বের বার প্রবেশের সময় আবেদন সংরক্ষণ করে থাকে তাহলে সরাসরি অস্থায়ী আবেদনের পৃষ্ঠা প্রদর্শিত হবে (চিত্র 6)।

উপরে ডানদিকে, আগ্রহী তার পূর্বে ব্যবহৃত ইমেইল দেখে তার সংযুক্ততা বুঝতে পারবে।


নতুনআবেদন
নিবন্ধন কর্মসূচির আবেদন

বাধ্যতামূলক ক্ষেত্রগুলো * দ্বারা চিহ্নিত। প্রতীকটিতে চাপ দিলে প্রতিটি ক্ষেত্রের পাশে শূণ্যস্থান পূরণ করতে নির্দেশনাবলী প্রদর্শিত হবে।
"সংরক্ষণ" এ চাপ দিলে আপনার আবেদনটি সাময়িকভাবে সংরক্ষিত হবে। চূড়ান্তভাবে দাখিলের পূর্ব পর্যন্ত অ্যাপ্লিকেশনে প্রবেশ করে আবেদনটি সংশোধন ও প্রক্রিয়াকরণ করা সম্ভব।
**যদি গ্রীক পুলিশ কর্তৃপক্ষ হতে আপনার কাছে কোনো পুলিশ নোট (স্টে পেপার) থাকে, তাহলে নোটে উল্লেখিত তথ্য অনুযায়ী আপনার পরিচয় সংক্রান্ত তথ্যগুলো পূরণ করুন**

পরিচয় সংক্রান্ত তথ্য

পুলিশ নোট (স্টে পেপার) আছে?*
প্রাকনিবন্ধন নং (ইচ্ছা প্রকাশ)
নাম*
পদবী*
পিতার নাম*
জন্ম তারিখ*
লিঙ্গ*
নাগরিকত্ব*
পাসপোর্ট নম্বর

যোগাযোগ

মোবাইল ফোন

গ্রিসে প্রবেশের তারিখ

প্রবেশের ধরণ*
ভিতরে প্রবেশের এলাকা

নিবন্ধনের অ্যাপয়েন্টমেন্ট

নিবন্ধনের স্থান*
নিবন্ধনের ভাষা*
পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্য*
পরিবারের অপ্রাপ্তবয়স্ক সদস্য*

সংরক্ষণ
পূর্ববর্তী

*(চিত্র 5): অ্যাপ্লিকেশনের প্রথম পৃষ্ঠা- আবেদন*

প্রক্রয়াটি সম্পন্ন হলে সংরক্ষণ বাটনটি নির্বাচন করতে হবে যাতে আবেদনটি অস্থায়ীভাবে সংরক্ষিত হয় (চিত্র 6)।

## সাময়িক আবেদন #95

### নিবন্ধন কর্মসূচির আবেদন

আপনি যে তথ্য পূরণ করেছেন তা পরিবর্তন করতে "আবেদন প্রক্রিয়াকরণ" লিঙ্কে চাপ দিন।
আপনার আবেদন চূড়ান্ত করতে "চূড়ান্তভাবে আবেদন দাখিল" তে চাপ দিন। সাবধান! চূড়ান্তভাবে আবেদন দাখিল করার পর আপনার আবেদন আর সংশোধন সম্ভব নয়।

| | |
|---|---|
| কার্যক্রম | আবেদন প্রক্রিয়াকরণ<br>চূড়ান্তভাবে দাখিল<br>আবেদন বাতিলকরণ |
| **পরিচয় সংক্রান্ত তথ্য** | |
| পুলিশ নোট (স্টে পেপার) আছে? | হ্যাঁ |
| প্রাকনিবন্ধন নং (ইচ্ছা প্রকাশ) | 123456 |
| নাম | TEST |
| পদবী | TESTEST |
| পিতার নাম | ESTEST |
| জন্ম তারিখ | 01/01/1980 |
| লিঙ্গ | পুরুষ |
| নাগরিকত্ব | Bangladesh |
| পাসপোর্ট নম্বর | ABC123456 |
| **যোগাযোগ** | |
| মোবাইল ফোন | 6911111111 |
| **গ্রিসে প্রবেশের তারিখ** | |
| প্রবেশের ধরণ | সমুদ্রপথে |
| ভিতরে প্রবেশের এলাকা | Mytilini |
| **নিবন্ধনের অ্যাপয়েন্টমেন্ট** | |
| নিবন্ধনের স্থান | MALAKASA: Malakasa Facility, CAMP 'GERAKINI', 19011 MALAKASA |
| নিবন্ধনের ভাষা | BENGALI (BANGLA) |
| নিবন্ধনের তারিখ | - |
| নিবন্ধনের সময় | - |
| রিপোর্ট নম্বর | - |
| পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্য | 2 |
| পরিবারের অপ্রাপ্তবয়স্ক সদস্য | 1 |


*(চিত্র 6): অস্থায়ী আবেদনের পৃষ্ঠা*

আগ্রহীপ্রার্থীর তিনটি বিকল্প রয়েছে:

- আবেদন প্রক্রিয়াকরণ নির্বাচন করে আগ্রহী তার পূর্বে সংরক্ষিত তথ্যগুলো সংশোধন করতে পারবে এবং অ্যাপ্লিকেশনের-আবেদনের প্রথম পৃষ্ঠায় ধাবিত হবে।
- চূড়ান্তভাবে দাখিল নির্বাচন করে আগ্রহী চূড়ান্তভাবে তার আবেদন দাখিল করতে পারবে এবং

- ⊖ আবেদন বাতিলকরণ নির্বাচন করে তার দাখিলকৃত আবেদনটি বাতিল করতে পারবে (চিত্র 6) এবং নতুন করে আরেকটি আবেদন শুরু করতে পারবে।

আগ্রহীপ্রার্থী যদি চূড়ান্তভাবে দাখিলের বাটনটি নির্বাচন করে, তাহলে চূড়ান্তভাবে দাখিলের পৃষ্ঠায় ধাবিত হবে (চিত্র 7)।




*(চিত্র 7): চূড়ান্তভাবে দাখিলের পৃষ্ঠা*

সর্বশেষে, আগ্রহীকে চূড়ান্তভাবে আবেদন দাখিল করতে দাখিল বাটনটি নির্বাচন করাই যথেষ্ট।

অন্যথায়, পূর্ববর্তী বাটনটি নির্বাচন করলে অস্থায়ী আবেদনের পৃষ্ঠায় ফেরত যাওয়ার সুযোগ থাকবে। চূড়ান্তভাবে আবেদন দাখিল করা মাত্রই **"আপনার আবেদন চূড়ান্তভাবে দাখিল করা হয়েছে"** বার্তাটি প্রদর্শিত হবে।
তারপর চূড়ান্ত আবেদনের পৃষ্ঠাটিও প্রদর্শিত হবে (চিত্র 8)।

## চূড়ান্ত আবেদন #95


### নিবন্ধন কর্মসূচির আবেদন

আবেদনটি চূড়ান্ত
আপনার ই-মেইলে আবেদনের প্রাথমিক বিবরণী পেতে "রশিদ প্রাপ্তি ডাউনলোড" বাটনে চাপ দিন।

| | |
|---|---|
| কার্যক্রম | প্রাপ্তি রশিদ ডাউনলোড |
| **পরিচয় সংক্রান্ত তথ্য** | |
| পুলিশ নোট (স্টে পেপার) আছে? | হ্যাঁ |
| প্রাকনিবন্ধন নং (ইচ্ছা প্রকাশ) | 123456 |
| নাম | TEST |
| পদবী | TESTEST |
| পিতার নাম | ESTEST |
| জন্ম তারিখ | 01/01/1980 |
| লিঙ্গ | পুরুষ |
| নাগরিকত্ব | Bangladesh |
| পাসপোর্ট নম্বর | ABC123456 |
| **যোগাযোগ** | |
| মোবাইল ফোন | 6911111111 |
| **গ্রিসে প্রবেশের তারিখ** | |
| প্রবেশের ধরণ | সমুদ্রপথে |
| ভিতরে প্রবেশের এলাকা | Mytilini |
| **নিবন্ধনের অ্যাপয়েন্টমেন্ট** | |
| নিবন্ধনের স্থান | MALAKASA: Malakasa Facility, CAMP 'GERAKINI', 19011 MALAKASA |
| নিবন্ধনের ভাষা | BENGALI (BANGLA) |
| নিবন্ধনের তারিখ | 20/07/2022 |
| নিবন্ধনের সময় | 10:00 |
| রিপোর্ট নম্বর | 11881 |
| পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্য | 2 |
| পরিবারের অপ্রাপ্তবয়স্ক সদস্য | 1 |

*(চিত্র ৪): চূড়ান্ত আবেদনের পৃষ্ঠা*

আগ্রহীপ্রার্থী চূড়ান্ত আবেদনের পৃষ্ঠায় প্রাপ্তি রশিদ ডাউনলোড বাটনটি নির্বাচন করলে চূড়ান্ত আবেদনের রশিদপ্রাপ্তির পৃষ্ঠায় ধাবিত হবে (চিত্র 9)। "**প্রাপ্তি রশিদ ডাউনলোড**" নির্বাচন করলেই সময়সূচীর প্রাপ্তি রশিদটি শুরুতে প্রদানকৃত ইমেইলে প্রেরণ করা হবে আর "**পূর্ববর্তী**" বাটন নির্বাচন করলে চূড়ান্ত আবেদনের পৃষ্ঠায় ধাবিত হবে।




*(চিত্র 9): চূড়ান্ত আবেদনের রশিদ*

যেকোনো মুহূর্তে সংযোগ চিহ্নে ক্লিক করে লগ আউট করা সম্ভব এবং তখন "**আপনি অ্যাপ্লিকেশন থেকে লগ আউট করেছেন**" বার্তাটি প্রদর্শিত হবে।

পাশাপাশি, প্রথমবার যেভাবে লগ ইন করে সংযুক্ত হয়েছিলেন, তেমনিভাবে যখনই চান সংযুক্ত হতে পারবেন।